

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৪/২২ জুন ২০১৭

নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩৯.১৫-৪৬৫—যেহেতু, জনাব মোঃ মাহফুজার রহমান মাহু, পিতা: মোঃ ফয়েজ উদ্দিন, গ্রাম: গুলাল বুধাই, ময়নাকুটি-৫৪১০, থানা: কোতয়ালী, জেলা: রংপুর, রংপুর সিটি কর্পোরেশনের ৭নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর; এবং

যেহেতু, জনাব মোঃ মাহফুজার রহমান মাহু এর বিরুদ্ধে রংপুর জেলার কোতয়ালী থানায় জি. আর মামলা নং ৫১/১৫ (বিশেষ মামলা নং-১৪০/১৫) মামলা দায়ের করা হয়েছে। তিনি উক্ত মামলার ১২৯নং ক্রমিকভুক্ত আসামী; এবং

যেহেতু, উক্ত মামলায় জনাব মোঃ মাহফুজার রহমান মাহু এর বিরুদ্ধে গত ১৯ জানুয়ারি ২০১৫ তারিখে বাদী জনৈক মোঃ গোলাম মোস্তফা এর মালিকানাধীন যানবাহনে অগ্নি সংযোগের অভিযোগসহ বিভিন্ন দোকানপাট ভাংচুর, নাশকতা ও সহিংসতার সাথে সংশ্লিষ্টতার অভিযোগ করা হয়েছে। তার বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগের তদন্তকালে ৩১(একত্রিশ) জন সাক্ষী সাক্ষ্য প্রমাণ দিয়েছেন এবং তদন্ত শেষে প্রাথমিক সত্যতার ভিত্তিতে উক্ত মামলার অভিযোগপত্র (নং ৪৯৩, তারিখ: ০৭ জুন ২০১৫) গত ০৭ জুলাই ২০১৫ তারিখে বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে দাখিল করা হয়; এবং

যেহেতু, উক্ত মামলাটি বিচারের জন্য বিজ্ঞ জেলা জজ আদালত, রংপুরে প্রেরিত হয় (বিশেষ মোকদ্দমা নং ১৪০/১৫); এবং

যেহেতু, The Special Powers Act, 1974 এর ধারা ১৫(১) মূলে অভিযোগপত্রটি বিজ্ঞ জেলা জজ আদালত, রংপুর কর্তৃক গত ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে গৃহীত হয়েছে; এবং

(৭৬৯১)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলরের বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্তকরণের বিধান রয়েছে; এবং

যেহেতু, জনাব মোঃ মাহফুজার রহমান মাহু, কাউন্সিলর, ৭নং সাধারণ ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন বর্ণিত অগ্নিসংযোগ মামলায় গুরুতর অভিযোগে অভিযুক্ত হয়ে কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালন করলে সিটি কর্পোরেশনে দায়িত্বরত কর্মকর্তা ও কর্মচারী এবং সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতি সঞ্চার হতে পারে বিধায় তাঁর দ্বারা কাউন্সিলর এর ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী এবং জনপ্রতিনিধি হিসাবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

সেহেতু, রংপুর সিটি কর্পোরেশনের ০৭নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মাহফুজার রহমান মাহুকে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহমুদুল আলম

উপসচিব।